

## ওয়্যারলেস ইলেকট্রিসিটি, দিন বদলের প্রযুক্তি নিয়ে আসছে অ্যাপল!

FAISAL টিউন করেছেন : প্রকাশিত হয়েছে : ২১ জুলাই, ২০১১ | 701 বার দেখা হয়েছে | ❤️2

প্রযুক্তিটি নতুন নয়। একটি ম্যাগনেটিক ফিল্ডের মধ্যে থেকে এক ডিভাইস থেকে অন্য ডিভাইসে ইলেকট্রিসিটি আদান প্রদান করার পদ্ধতি অনেক আগেই আবিষ্কৃত হয়েছে।




২০০৭ সালে WiTricity নামের একটি কম্পানি (MIT এর কয়েকজন বিজ্ঞানীদের সমন্বয়ে গঠিত) এই ওয়্যারলেস ইলেকট্রিসিটি পরিবহনের ব্যাপারটির বানিজ্যিককরণ এবং এর উন্নয়নের দিকে মনোযোগ দেয়। তারা দেখান, দুইটি ডিভাইসের সমন্বয়ের গঠিত একটি সমন্বিত ম্যাগনেটিক ফিল্ডের সাহায্যে এক ডিভাইস থেকে আরেক ডিভাইসে ইলেকট্রিসিটি কাছাকাছি দূরও থেকে আদান প্রদান করা যায়। ২০০৯ সালে TED (Technology Entertainment and Design) কনফারেন্সে WiTricity এর CEO প্রযুক্তিটির মাধ্যমে একটি মোবাইল ফোন চার্জ করে দেখান। অ্যাপল এবং টয়োটা এতে উৎসাহ দেখায় এবং তারা এই কম্পানিতে ইনভেস্ট করে।

# Wireless electricity

WiTricity is commercializing technology developed at MIT that sends power through the air to run devices like laptops, DVD players, cellphones, and other common electronics.


- 1 Circuit converts standard AC electricity to a higher frequency and feeds it to a WiTricity source. The current inside the source induces an oscillating magnetic field.



- 2 The WiTricity device to be powered is tuned to the same frequency as the source, and, in a process called "resonant magnetic coupling," power is transferred from the source to the device.



- 3 The energy of the oscillating magnetic field induces an electrical current in the WiTricity device, lighting the bulb.



SOURCE: WiTricity Corp.

অ্যাপল জানায় খুব শিঘ্রই (২০১২ সাল) নতুন আইফোন নতুন ধরনের চার্জ ব্যবস্থা থাকবে। যেকোন অ্যাপল ল্যাপটপ এর আশে পাশে এক মিটার দূরত্বে রাখা আইফোন বা আই প্যাড কোন রকম তার সংযোগ ছাড়াই ল্যাপটপ থেকে নিজেদের চার্জ করে নিতে পারবে। এ বছরেই অ্যাপল তাদের এই প্রযুক্তিটির পেটেন্ট করিয়ে নিয়েছে। অন্যদিকে টয়োটাও উইট্রিসিটি কে বলেছে তাদের জন্য অটোমোটিভ ওয়্যারলেস চার্জের ব্যবস্থা করে দিতে। ইন্টেল সম্পূর্ণ আলাদাভাবে নিজেদের ল্যাবে একটি কম্পিউটারকে সম্পূর্ণরূপে তারমুক্ত করার প্রোজেক্ট হাতে নিয়েছে!

চলুন দেখি এর সুবিধাগুলো কি কি---

প্রথমত সবচেয়ে বড় সুবিধা হল তারের জঞ্জাল থেকে মুক্ত হওয়া। যেহেতু তারের ব্যাপার নেই সেহেতু শর্ট সার্কিট হওয়া বা ইলেকট্রিক শক খাওয়ারো কোন সম্ভাবনা নেই! তাই অনেক বেশি নিরাপদ। একটি সেটআপের মাধ্যমে একটি ঘরের সকল ইলেক্ট্রিক ডিভাইসের পাওয়ার সাপ্লাই দেয়া সম্ভব কোন রকম সকেট, প্লাগ, তারের ঝামেলা ছাড়াই। তবে এই প্রযুক্তির এখন পর্যন্ত সীমাবদ্ধতাগুলো হচ্ছে এটি খুব বেশী দূরত্ব অতিক্রম করতে পারে না, আশেপাশের এক বা দুই মিটার পর্যন্ত এটি কাজ করতে পারে।

কল্পবিজ্ঞানের যুগ মনে হয় এসেই গেল!

উইট্রিসিটির একটি ভিডিও শেয়ার করলাম, দেখুন--

মূল আর্টিকেল [এখানে দেখুন](http://sukhobor.noscart.com/archives/2930) <http://sukhobor.noscart.com/archives/2930>